ভূমিহীনদের আশ্রয়ণের জন্য বরাদ্দকৃত জমি পরিদর্শন করলেন ইএনও

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলায় মুজিব শতবর্ষ উপলক্ষ্যে আশ্রয়ণ -২ প্রকল্পের অধীন “ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য গৃহ নির্মাণ কর্মসূচি” এর আওতায় ভূমিহীনদের মাঝে ঘর করে দেবার জন্য খাস জমি পরিদর্শন এবং পুনরদ্ধার করা হয়।

শনিবার সকালে বারোবাজার ও মালিয়াট ইউপির খাস জমি পরিদর্শন করেন কালীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা সুবর্ণা রানী সাহা। এ সময় সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, সার্ভেয়ার, সংশ্লিষ্ট ইউপি সদস্য, সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তাসহ এলাকাবাসী উপস্থিত ছিলেন।

এর পূর্বে গত কয়েক দিন যাবৎ কালীগঞ্জ উপজেলার বিভিন্ন ইউপিতে বরাদ্দকৃত খাস জমি পরিদর্শন ও পুনরুদ্ধার কার্যক্রম পরিচালনা করে আসছে উপজেলা প্রসাশন।

কালীগঞ্জে বিশ্ব ডায়াবেটিস দিবস পালিত

ঝিনাইদহের কালীগঞ্জে বিশ্ব ডায়াবেটিস দিবস পালিত হয়েছে এবং একই সাথে কালীগঞ্জ ডায়াবেটিক সমিতির ৬ষ্ট প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।

শনিবার সকালে সমিতির অফিস কক্ষে প্রধান অতিথি ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনার কেক কেটে দিবসটির সূচনা করেন।

দিবসটি উপলক্ষে স্বাস্থ্য বিধি মেনে সমিতির অফিস কক্ষে আয়োজিত অনুষ্টানে বিশেষ অতিথি ছিলেন কালীগঞ্জ উপজেলা পরিষদের ভাইস

চেয়ারম্যান শিবলী নোমানী। কালীগঞ্জ ডায়াবেটিক সমিতির সাধারণ সম্পাদক গোলাম রসুলের সভাপতিত্বে উক্ত অনুষ্টানে আরো উপস্থিত ছিলেন, কালীগঞ্জ ক্রীড়া ফেডারেশনের সভাপতি বাবু অজিৎ কুমার ভট্টাচার্য, সোনার বাংলা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শিবুপদ বিশ্বাস,

সাংবাদিক সোহেল আহম্মেদ, জামির হোসেন, আশিকুর রহমান সোহাগ, রিয়াজ মোল্লা, সমাজসেবক আব্দুল মতিন পাতা মিয়া ও ইফনুচ আলীসহ কালীগঞ্জ রিপ্রেজেন্টেটিভ এ্যাসোসিয়েশন (ফারিয়ার) সদস্যবৃদ।

কোটচাঁদপুরে কৃষকের মাঝে সার ও বীজ বিতরণ

“কৃষিই সমৃদ্ধি” এই স্লোগান নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে রবি/২০২০-২১ মৌসুমে ভুট্টা, সরিষা, বোরো, গম, পেয়াজ এবং খরিপ-১ মৌসুমে মুগের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মধ্যে বিনা মূল্যে রাসায়নিক সার ও বীজ বিতরণ করা হয়েছে। শনিবার সকালে উপজেলা পরিষদ চত্বরে উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উপজেলার বিভিন্ন গ্রামের ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনা মূল্যে এই সার ও বীজ বিতরণ অনুষ্ঠানের উদ্বোধন করে।

উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজান আলী, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, আওয়ামী লীগ নেতা কাজী আলম, ইউপি চেয়ারম্যান নওশের আলী নাসির, ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান খাঁন, কাবিল উদ্দীন প্রমুখ।

উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্যমতে রবি/২০২০-২১ মৌসুমে উপজেলার ২ হাজার ১’শ ৫০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনা মূল্যে এই সার ও বীজ বিতরণ করা হবে।

[redacted]

[redacted]

[redacted]

[

কালিগঞ্জ জয়ী

ঝিনাইদহের সাগান্না ইউনিয়নের ‘উত্তর নারায়ণপুর লায়ন্স ক্লাব’ এর আয়োজন ত্রিমোহনী ফুটবল লীগের শুভ উদ্বোধন হয়েছে। উদ্বোধনী খেলায় কালিগঞ্জ হেলাই একাদশ হরিনাকুণ্ডু একাদশের বিপক্ষে ২-০ গোলে জয় লাভ করেছে।

গতকাল বিকাল ৩ টায় ৩ নং সাগান্না ইউনিয়ন চেয়ারম্যান মোঃ আলাউদ্দিন আল মামুন তার বক্তব্যের মাধ্যমে খেলার শুভ উদ্বোধন করেন।

এ সময় আরও বক্তব্য রাখেন, ৩ নং সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ, আওয়ামী লীগ নেতা ইউনুচ আলী ইনু।

এছাড়াও উপস্থিত ছিলেন ত্রিমোহনী মিল মালিক সমিতির সভাপতি মোঃ মোয়াজ্জেম হোসেন, সাধারণ সম্পাদক মোঃ আকতার হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক আরশাদ আলী, হুশিয়ার রহমান, সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মোঃ নাজমুল হক তুর্পি, আঃ রশিদ, ফজলুল করিম, আমজাদ হোসেন, ফারুক সরকার।

ত্রিমোহনী ফুটবল লীগের দ্বিতীয় খেলা আগামী ১৪-১১-২০২০ রোজ শনিবার অনুষ্ঠিত হবে। উক্ত খেলায় কোটচাঁদপুর একাদশের বিপক্ষে লড়বে ঝিনাইদহ বি(ভাটই) একাদশ। লায়ন্স ক্লাবের কর্ণধার মোঃ বকুল হোসেন ও হাবিব মিয়া ফুটবল লীগের দ্বিতীয় খেলায় সকলকে আমন্ত্রণ জানান।

ঝিনাইদহে সম্মিলিত সাংস্কৃতিক জোটের অফিস নির্মাণের

উদ্বোধন

ঝিনাইদহ সম্মিলিত সাংস্কৃতিক জোটের অফিস ঘর নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মেয়র আলহাজ্ব সাইদুল করিম মিন্টু।

গতকাল শুক্রবার সকালে ঝিনাইদহ শিল্পকলা একাডেমির পিছনে এই অফিসঘর নির্মাণের কাজের শুভ উদ্বোধন ঘোষণা করা হয়।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বে-সরকারি সংস্থা সিও’র নির্বাহী পরিচালক শামসুল আলম, সম্মিলিত সাংস্কৃতিক জোটের সভাপতি শান্ত জোয়ার্দ্দাার ও সাধারণ সম্পাদক বাবুল আক্তার লাল্টুসহ জোটের নেতৃবৃন্দ ।

দীর্ঘ দিনের এই প্রত্যাশা বাস্তবে রূপ নেওয়ায় সম্মিলিত সাংস্কৃতিক জোটের নেতৃবৃন্দ মেয়রের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

কোটচাঁদপুরে ভ্রাম্যমাণ আদালতের অভিযান, জরিমানা আদায়

ঝিনাইদহের কোটচাঁদপুরে ভ্রাম্যমাণ আদালতের পৃথক অভিযানে অবৈধ কারেন্ট জাল ও লাইসেন্স বিহীন পোল্ট্রি ফিডে জরিমানা আদায় কারা হয়েছে।

ব্যবসা পরিচালনা, সামাজিক দূরুত্ব বজায় না রাখা ও মাস্ক ব্যবহার না করার দায়ে ১৩ হাজার ৫’শ টাকা জরিমানা আদায় করা হয়েছে। শুক্রবার বিকালে উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান রিপন ও মৎস্য বিভাগের যৌথ অভিযানে কপোতাক্ষ নদের সাহেব বাড়ী ঘাট ও শহরের পোস্ট অফিস মোড়ে এই ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করা হয়।

এ সময় সলেমানপুর পালপাড়ার নিত্ত রঞ্জন বিশ্বাসের ছেলে বিকাশ বিশ্বাসকে অবৈধ কারেন্ট জাল ব্যবহারের দায়ে মৎস্য রক্ষা ও

সংরক্ষণ ১৯৫০ আইনের ৫(১) ধারায় ৫ হাজার টাকা জরিমানা করা হয়। সেই সাথে জব্দকৃত ১’শ মিটার জাল আগুনে পুড়িয়ে ফেলা হয়। আহরণ করা দেশীয় মাছ পানিতে অবমুক্ত করা হয়।

পরে শহরের দুটি পোল্টি ফিডের দোকানে অভিযান পরিচালনা করে লাইসেন্স বিহীন পোল্টি ফিডের ব্যবসা পরিচালনার দায়ে মৎস্য ও পশু খাদ্য আইন ২০১০ এর ২০ ধারায় ২ জন পোল্টি ফিড ব্যবসায়ীকে ৮ হাজার টাকা জরিমানা করা হয়। সেই সাথে সামাজিক দূরুত্ব বজায় ও মাস্ক ব্যবহার না করায় চায়ের দোকানে ৫’শ টাকা জরিমানা করে ভ্রাম্যমাণ আদালত।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, উপজেলা সহকারী প্রোগ্রামার জিয়াউর রহমান, অফিস সহকারি সুব্রত বিশ্বাস, মডেল থানার এসআই তৌফিক আনাম, সাংবাদিক মঈন উদ্দীন খানসহ থানা পুলিশের একটি টিম।

শৈলকপা উপজেলা চেয়ারম্যানের স্মরণে মিলাদ মাহফিল

ঝিনাইদহের শৈলকুপা উপজেলা পরিষদ চত্বরে সদ্য প্রয়াত উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা শিকদার মোশারফ হোসেনের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে এক দোওয়া ও মিলাদ মাহফিল অনুষ্টিত হয়।

উপজেলা আওয়ামী লীগ আয়োজিত এ দোওয়া মাহফিল বাদ জুম্মা উপজেলা পরিষদ মাঠে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই, উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: সাইফুল ইসলাম, সাবেক উপজেলা চেয়ারম্যান অধ্যাপক আবেদ আলী, নায়েব আলী জোয়ার্দার, জেলা আওয়মী লীগের সাংগঠনিক সম্পাদক এম হাকিম আহমেদ, শৈলকুপা পৌর মেয়র কাজী আশরাফুল আজম, সাবেক জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার মকবুল হোসেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবি কালু সহ প্রমুখ।

[redacted]

[redacted]

[redacted]

‘[redacted], [redacted] [redacted]’ [redacted] [redacted] [redacted]